

মিছিল সমাবেশ নিষিদ্ধ

কৃষি বিশ্ববিদ্যালয়
বন্ধের মেয়াদ
বাড়লো

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ),
জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)। - সর্বদলীয়
ছাত্র ঐক্য-শিবির সংঘর্ষের কারণে ১৭ই
ডিসেম্বর থেকে বন্ধ ঘোষিত কৃষি
বিশ্ববিদ্যালয়ের ছুটি দ্বিতীয় দফা বাড়ানো
হয়েছে। ক্যাম্পাসে ছাত্র সংগঠনসমূহের
মিছিল, মিটিং, পোস্টারিং ও মাইকিং
নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের
বাসভবনে উপাচার্য শাহ মোঃ ফারুকের
সভাপতিত্বে সকল অনুষদীয় ডীন, কো-
অর্ডিনেটর, সিএসআর, ছাত্র বিষয়ক
উপদেষ্টা, প্রভোস্ট কাউন্সিল ডটরদের এক
সভায় সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে। সিদ্ধান্ত
অনুযায়ী ১৩ই জানুয়ারির পরিবর্তে ২রা মার্চ
থেকে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ শুরু হবে।
২৯শে ফেব্রুয়ারি হলসমূহ খুলে দেয়া হবে।
পূর্বঘোষিত পরীক্ষাসমূহ শুধুমাত্র বিশ্ব-
বিদ্যালয় কেন্দ্রে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত
স্থগিত থাকবে। ১১ই জানুয়ারি থেকে
নিষিদ্ধ করা হয়েছে ছাত্রসংগঠনসমূহের
মিটিং, মিছিল, প্রোগান, পোস্টারিং ও
মাইকিং।